




UNIVERSITY OF
OXFORD

একটি পারিবারিক নির্দেশিকা: একজন অন্তাফোর্ড আবেদনকারীকে সহায়তা করা



সূচীপত্র



| | |
|--|----|
| স্বাগত | 1 |
| কেন বিশ্ববিদ্যালয়ে যাবেন? | 2 |
| কেন অক্সফোর্ডে আসবেন? | 3 |
| অক্সফোর্ড কি ভবিষ্যতের কেরিয়ারে সহায়তা করে? | 4 |
| সব কিছুর মূল্য কীভাবে দেওয়া হয়? | 5 |
| অক্সফোর্ড কি খরচে সাহায্য করে? | 6 |
| তারা একটি কোর্স কীভাবে বেছে নেয়? | 8 |
| এখানে কোন কোন বিষয়ে পড়ানো হয়? | 10 |
| অন্যান্য আর কি অধ্যয়নের সহায়তা উপলব্ধ? | 11 |
| তারা কোথায় থাকেন? | 12 |
| তাদের দেখাশোনা কে করেন? | 14 |
| এখানে কি বন্ধুদের এবং আনন্দ-ফুর্তির জন্য সময় পাওয়া যায়? | 15 |
| কে এখানে পড়াশোনা করেন? | 16 |
| তারা কীভাবে আবেদন করবেন? | 18 |
| আমরা কীভাবে আরও জানতে পারি? | 19 |
| আমরা তাদের কীভাবে আগ্রহী করে রাখতে পারি? | 20 |



আরও প্রশ্ন আছে?
যদি আপনি বা আপনার স্তান
বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা সম্পর্কে আরও
কিছু জানতে চান তবে অনুগ্রহ করে
ox.ac.uk/ask এ ইমেল করে যোগাযোগ
করুন।

✉ @studyatoxford
🐦 @OxOutreach

স্বাগত

আন্তর্জাতিক অ্যাডমিশনস আন্ড আউটোরিচ-এর ডিরেক্টর হওয়ার পাশাপাশি, আমি দুটি দারুণ সুন্দর ছেলেরও মা। স্কুলের পরে কী করা উচিত সেই সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আমার মনে হয় তরুণ প্রজন্মের সামনে আগের চেয়ে অনেক বেশি বিকল্প আছে। এর অর্থ এই নয় যে সিদ্ধান্ত গ্রহণ নেওয়া করা আগের তুলনায় সহজ হয়ে গেছে। সহায়তা করার সেরা উপায় কী হতে পারে পরিবারগুলির মক্ষে তা নির্ধারণ করা জটিল হতে পারে, বিশেষত যদি তারা নিজেরা কখনও বিশ্ববিদ্যালয়ে না গিয়ে থাকে থাকেন।

আমি সর্বদা নিশ্চিত করার চেষ্টা করি যাতে আমি যতটী সম্ভব অবহিত থাকতে পারি – এর ফলে কিছু মানুষ অন্তত আমার কথা শোনার কিছু সম্ভাবনা তৈরি হয়। অক্সফোর্ডে অধ্যয়ন সম্পর্কে আপনাকে তথ্য দেওয়ার জন্য আমরা এই গাইডটি লিখেছি। শুধু তাই নয়, বিশ্ববিদ্যালয়ে পড়তে গেলে কেন আপনার জীবন বদলে যাতে পারে এবং মেধাবী শিক্ষার্থীদের ভবিষ্যৎ জীবনে কীভাবে অসাধারণ এবং সৃষ্টী হয়ে উঠতে অনুপ্রাণিত করতে পারে সেই হিসেবে এতে আছে। আপনি যে শিশুটিকে সহায়তা করছেন সে কীভাবে তার পছন্দের পড়াশোনার বিষয় চয়ন করতে পারে তার টিপস্এর পাশাপাশি এতে রয়েছে কীভাবে সম্ভাব্য সবচেয়ে শক্তিশালী আবেদনপত্র জমা করা যায় সে সম্পর্কে দিক-নির্দেশ।

আমরা আপনাকে জানাতে চাই যে অক্সফোর্ডে শিক্ষার্থীরা নিবাপদে রয়েছে, তাই আমরা এখানে আমাদের দেওয়া সমস্ত সহায়তার বিবরণ দিয়েছি যা তারা এখানে শিক্ষালাভের সময় এবং স্নাতকোত্তর হওয়ার পরেও লাভ করবে। এছাড়া আমরা বুঝি যে খরচ কীভাবে পূরণ করা হবে সে সম্পর্কে আপনার স্বচ্ছ জ্ঞান থাকা প্রয়োজন। আমি আপনাদের আশ্চর্ষ করতে পারি যে ইউকে-এর শিক্ষার্থীদের জন্য আমাদের পদ্ধতি আর্থিক সহায়তা যে কোনও বিশ্ববিদ্যালয় কর্তৃক পদ্ধতি অনুদানের মধ্যে সবচেয়ে উদ্বারতম। আপনার জন্যও সাহায্য রয়েছে: আপনার কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে যোগাযোগ করুন – আপনাকে সাহায্য করতে পারলে আমরা আনন্দিত হব। বিকল্পভাবে, আপনি সর্বাদা ox.ac.uk/study এ আমাদের ওয়েবসাইট দেখতে পারেন।

আমরা সকলেই আমাদের সন্তানদের জন্য সেরাটো চাই তবে কীভাবে সাহায্য করা যায় সেটা জানাটো কঠিন হতে পারে, তাই আমি আশা করি এই নির্দেশিকাটি আপনার কাজটিকে সহজ করে তুলবে।

ডাঃ শামিনা খান
ডিরেক্টর অফ আন্তর্জাতিক অ্যাডমিশনস আন্ড^{অ্যান্ড} আউটোরিচ



“

পৃথিবীতে বিপুল পরিমাণ তথ্য ছড়িয়ে রয়েছে, আর সেই সমস্ত

তথ্যের মধ্যে থেকে আপনার সন্তানের জন্য প্রয়োজনীয় তথ্য বেছে নেওয়ার জন্য আপনার অভিভাবকক্ষের যাদুকাঠির ছাঁয়ার প্রয়োজন। তারা যাতে প্রকৃত সত্যটি খুঁজে সেতে পারে তা নিশ্চিত করন। অক্সফোর্ডের শিক্ষার্থীরা হল মাঝারিস-চেয়ে উজ্জ্বল একদল সাধারণ শিক্ষার্থী, যারা প্রচৰ ঘৃষ্যায়, টিভির সামনে বসে সময় নষ্ট করে, এবং তাদের সব ধরণের, সামাজিক পরিম্পুলের এবং অঞ্চল থেকে আসা স্কুলের বন্ধুবন্ধনের রয়েছে: মুখ্যতী আর পাঁচটা যে কোনও শিক্ষার্থীর মতোই!

আলিমন

“

অক্সফোর্ড কেবলমাত্র বিশেষাধিকারপ্রাপ্ত অল্পসংখ্যক জিনিয়াসদের দূরবর্তী বিদেশী স্প্লিবলে আঁচি আবার মনে করি না, বরং আমি এখানে কি করতে পারি সেই আসল। ইটা আমার নিজের জায়গা।

ফিনিক্স

কেন বিশ্ববিদ্যালয়ে যাবেন? জীবন-পরিবর্তনকারী অভিজ্ঞতা এবং সুযোগসমূহ



আমরা আশা করি আমাদের শিক্ষার্থীরা অক্সফোর্ড তাদের পড়াশোনা শেষ হওয়ার পর ভবিষ্যৎ জীবনের জন্য যে কাজ বেছে নেবে তা সম্পাদন করার জন্য তাদের প্রয়োজনীয় দর্শকতার বিকাশ ঘটিবে। আমরা চাই তারা তাদের ভবিষ্যত সম্পর্কে আত্মবিশ্বাসী এবং উচ্ছ্বসিত বোধ করুক এবং বিশ্বাস করি যে তারা বিশ্ববিদ্যালয়ে যে সুযোগগুলি পাবে সেগুলি তাদের সাফল্য এবং আনন্দের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে।

আমরা বুঝি যে বিশ্ববিদ্যালয়ে যোগ দেওয়ার সিদ্ধান্ত একটি বড় সিদ্ধান্ত, এবং এটি আমাদের সবচেয়ে কাছের মানুষদের সাথে ভাগ করে নিতে সহায়তা করে। আমাদের শিক্ষার্থীরা প্রায়শই আমাদের জানায় যে পরিবার এবং বন্ধুদের সাথে এই বিষয়গুলি নিয়ে কথা বলতে সক্ষম হওয়াটা তাদের কাছে কঠটা জরুরী। সুতৰাং, আপনি নিজে যদি কখনও কোনও বিশ্ববিদ্যালয়ে না গিয়ে থাকলেও, অনুগ্রহ করে আমাদের বিশ্বাস করুন আপনি সতাই সহায়তা করতে পারেন!

প্রথমেই জেনে নেওয়া যাক, আপনার সন্তানের বিশ্ববিদ্যালয়ে যাওয়ার সিদ্ধান্তটি কী কী কারণে একটি দুর্দাত সিদ্ধান্ত হিসাবে গণ্য হতে পারে:

ভবিষ্যতের পরিকল্পনা করা

শিক্ষার্থীরা নিজেদের সম্পর্কে এবং জীবন থেকে তারা কী চায় সে সম্পর্কে আরও জানতে পারে। নিজেদের ভবিষ্যতের জন্য তাদের পরিকল্পনা করার সুযোগ রয়েছে।

লোকজনের সাথে সাক্ষাৎ

শিক্ষার্থীরা সারা বিশ্বের মানুষের সাথে আলাপ পরিচয় করার সুযোগ পায়। বিশ্ববিদ্যালয়ে তৈরি বন্ধুত্ব এবং সংযোগগুলি প্রায়শই আজীবন স্থায়ী হয়।

একটি ভাল চাকরী পাওয়া

বিশ্ববিদ্যালয় এমন দর্শকতা বিকাশের সুযোগ দেয় যা পরবর্তী সময়ে একটি ভাল বেতনের চাকরি সন্ধানে সহায়তা করতে পারে। স্নাতকরা প্রায়শই কেরিয়ারের ক্ষেত্রে ডিগ্রিবিহীন ব্যক্তিদের চেয়ে বেশি উপর্যুক্ত করেন।

শিক্ষার প্রতি ভালবাসা

যদি কেউ শেখার বিষয়ে আগ্রহী হয় এবং বিভিন্ন বিষয়ে তাদের মনে প্রশ্ন থাকে তাহলে তারা বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করা উপভোগ করতে পারে। এটি তাদের আগ্রহের বিষয়কে অনুসন্ধান করতে এবং তাদের বোধের বিকাশ ঘটাতে সাহায্য করবে।



“আমি যে আমার
ধিয় বিষয়টি সেই
বিষয়ে পৃথিবীর সেরা
বিশেষজ্ঞদের কাছে পড়তে
পারব এটা ভেবেই উচ্ছ্বসিত
হয়ে উঠেছিলাম।
লিলি”



কেন অক্সফোর্ড আসবেন? বিশ্বের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়

তাদের অক্সফোর্ড সম্পর্কে তাবা উচিত কেন? বেশ, আপনি যদি বিশ্ববিদ্যালয়ে যান, তবে কেন সেরাটিতে যাবেন না? গত চার বছর ধরে আমারা কেন বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়* হিসাবে নির্বাচিত হয়েছি তার যথেষ্ট কারণ রয়েছে।

*টি ওয়ার্ল্ড র্যাংকিংস 2019-20

বিশ্বের পরিবর্তন করা

অক্সফোর্ড আপনি দুনিয়া বদলে দেওয়া গবেষণার কেন্দ্রে থাকা ব্যক্তিদের কাছ থেকে শিক্ষালাভ পারেন যারা বিশ্বের ভিষ্যতকে পরিবর্তন করে চলেছেন।

ox.ac.uk/research

বিশেষজ্ঞ কেরিয়ার প্রসারণ

আমাদের কেরিয়ার সার্ভিস পরিষেবাটি আমাদের সকল শিক্ষার্থীদের কর্ম সংস্থান এবং আরও উচ্চশিক্ষার জন্য বিনা খরচায়, আজীবন বিশেষজ্ঞের প্রামাণ্য প্রদান করে থাকে।

ox.ac.uk/careers

শেখাৰ জন্য একটি উপযুক্ত জায়গা

আমাদের শিক্ষার্থীদের হাতের মুর্ঠোয় বিশ্বের সেরা কিছু শিক্ষালভের উপকরণ ব্যবহারের সুযোগ রয়েছে, যার মধ্যে আছে 100-টিরও বেশি লাইব্রেরি, চারটি বিশ্ব-মানের সংগ্রহশালা এবং প্রায় 1,500-টি গবেষণাগার।

ox.ac.uk/learningresources

প্রথম প্রশিক্ষণ শিক্ষান্তর

অক্সফোর্ডের শিক্ষার্থীরা বিশেষজ্ঞদের কাছ থেকে একটি ক্ষেত্রে ব্যক্তিগত পরিচয়ের সুযোগ লাভ করেন যা অধিকাংশ বিশ্ববিদ্যালয়েই উপলব্ধ নয়।

ox.ac.uk/tutorials

খরচ ভাগ করে নেওয়া

অক্সফোর্ড যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য উদার আর্থিক সহায়তা প্রদান করে। প্রতি চারজন ইউকে শিক্ষার্থীর মধ্যে একজন বর্তমানে জীবনযাত্রার বায়ের জন্য একটি ছাত্রবৃত্তি লাভ করেন (যার অর্থ ফেরত দেওয়ার প্রয়োজন নেই), যার ফলে তাদের অর্থের বিষয়ে চিঢ়া করার প্রয়োজন হয় না।

ox.ac.uk/funding



যনিষ্ঠ সম্প্রদায়সমূহ

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় 30-টিরও অধিক কলেজের সমন্বয়ে গঠিত, যার অর্থ শিক্ষার্থীরা একই সাথে একটি বৃহৎ, বিশ্বমানের বিশ্ববিদ্যালয় এবং একটি ছোট, বন্ধুত্বপূর্ণ সম্প্রদায় – উভয় পরিসরেই অভ্যন্তরীণ থেকে উপর্যুক্ত সুযোগ লাভ করেন।

ox.ac.uk/ugcolls

তাদের প্রয়োজন অনুসারে সহায়তা

আমাদের সকলেরই কখনও কখনও সাহায্যের প্রয়োজন হয়, এবং প্রয়োজনের সময় সহায়তা দেওয়ার জন্য অক্সফোর্ডে প্রচুর ব্যক্তি রয়েছেন।

ox.ac.uk/students/shw

প্রচুর সুযোগ

এখানে শিক্ষার্থীরা কাঠার পরিশ্রম করেন, তবে অন্যান্য কাজ করারও সময় পাওয়া যায়। আনন্দ করা, সামাজিক মেলামেশা এবং প্রয়োজনীয় দক্ষতা বিকাশের জন্য অসংখ্য সুযোগ এখানে রয়েছে।

ox.ac.uk/opportunities

একটি মজাদার এবং ছাত্র-কেন্দ্রিক শহর

অক্সফোর্ড কেবল সুন্দরই নয়, এটি একটি তাকণের উদ্দীপনায় পূর্ণ একটি শহর, যা শিক্ষার্থীদের দ্বারা পরিপূর্ণ। এটি থাকার জন্য সুন্দর দান্ত একটি স্থান।

ox.ac.uk/livingin

অক্সফোর্ড কি ভিষ্যতের কেরিয়ারে সহায়তা করে?

সফলতা এবং একটি ভাল চাকরীর দিকে

সফল ভিষ্যৎ জীবন শুরু করার জন্য একটি অক্সফোর্ড ডিপ্রিজ জুরি মেলা ভারা। আপনার স্তান যে বিষয় নিয়েই পড়াশোনা করুক না কেন, তাদের জন্য রয়েছে বিপুল পরিমাণ সুযোগ। আমাদের কেরিয়ার সার্টিস পরিষেবাটি বিস্তৃত সহায়তা সরবরাহ করে – বিনামূলে এবং সারা জীবনের জন্য – যাতে আপনার স্তান তার ভিষ্যতের ক্ষেত্রে আন্তরিক্ষস্থাসী বোধ করতে পারে।

তাদের ডিপ্রি কি তাদের একটি ভাল চাকরি খুঁজে পেতে সহায়তা করবে?

অক্সফোর্ডে শিক্ষা প্রাপ্তি করাকালীন, শিক্ষার্থীরা কর্ম সংস্থান ও কাজে সাফল্য লাভ করার জন্য প্রয়োজনীয় দক্ষতা বিকাশের প্রচুর সুযোগ পাবে। একই সাথে পড়াশুনা ও অন্যান্য দায়িত্ব পালনের মধ্যে সামঞ্জস্য রক্ষা করে চলতে পারাটা ভালো সময় পরিচালনা ও দক্ষতার শক্তিশালী প্রমাণ। স্টুডেন্ট ক্লাব এবং বিবিধ ক্রিয়াকলাপ থেকে ছাত্রদের মধ্যে যোগাযোগ, বাজেটিং এবং টিম ওয়ার্কের মতো বিভিন্ন দক্ষতাও গড়ে উঠে।

কাজের অভিজ্ঞতা সম্পর্কিত কি ব্যবস্থা আছে?

অক্সফোর্ডের শেষ টার্মগুলির অর্থ হল শিক্ষার্থীদের হাতে ছুটির দিনে ইন্টার্নশিপ বা কর্ম অভিজ্ঞতা লাভ করার জন্য প্রচুর সময় থাকে, এবং এই সুযোগগুলি খুঁজে নেওয়ার অনেকগুলি উপায় রয়েছে। আমাদের শিক্ষার্থীদের জন্য অসংখ্য ইন্টার্নশিপের ব্যবস্থা রয়েছে, যার মধ্যে আছে ইউকে এবং বিদেশে শতাধিক গ্রীষ্মকালীন ইন্টার্নশিপ, এবং সেই সঙ্গে ইউকে-তে সঞ্চারণ্যবাধী ইন্টার্নশিপ। এই ইন্টার্নশিপগুলি একটি নির্দিষ্ট কাজের ক্ষেত্রে বুঝে নেওয়ার জন্য দুর্দাত সুযোগ প্রদান করে।

অন্যান্য কেরিয়ারের কি কি সহায়তা উপলব্ধ?

আপনার স্তানের কেরিয়ারের আকাঞ্চ্ছা বোঝা এবং তাদের অভিষ্ঠ লক্ষ্য অর্জনে সহায়তা করার জন্য আমাদের কেরিয়ার সার্টিস পরিষেবাটি দিকনির্দেশনা সরবরাহ করতে পারে। তারা প্রদান করে:

- স্বতন্ত্র ব্যক্তিগত প্রয়োজন
- চাকুরীর নিয়োগকর্তারা যে দক্ষতার সন্ধান করেন তা বৃদ্ধির প্রশিক্ষণ
- শক্তিশালী কাজের অ্যাপ্লিকেশন তৈরীর উপর প্রশিক্ষণ
- সন্তোষ নিয়োগকর্তাদের সাথে দেখা করার জন্য কেরিয়ার মেলা
- প্রায় 12,000 চাকরির শূন্যস্থানের জন্য প্রদত্ত বিজ্ঞাপন
- আরও অধ্যয়নের প্রয়োজন

তারা একবার অক্সফোর্ড থেকে চলে গেলে কি হবে?

অক্সফোর্ডের সমস্ত প্রাক্তনীরা সারা জীবন অক্সফোর্ড কেরিয়ার পরিষেবা লাভের সুযোগ লাভ করেন, যা অধিকাংশ অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বি঱ল একটি সুযোগ। এর মধ্যে রয়েছে প্রারম্ভ মেশন এবং হাজার হাজার চাকুরীর বিজ্ঞাপন দেখাবার সুযোগ। প্রায় 300,000-এরও অধিক সংখ্যাক অক্সফোর্ড প্র্যাজুয়েট সারা পৃথিবীতে ছড়িয়ে থেকে কাজ করছেন, তাই আপনার স্তান যে কাজই করতে ইচ্ছুক হোক, সে অন্য অক্সফোর্ড প্র্যাজুয়েটের সহায়তা লাভ করে উপরুক্ত হতে পারে।

৪৬৭

আমি এখন একটি স্টুডেন্ট
মাস্টার্জিনের ব্যবস্থাপনা
সম্পাদক, গৃহীনতার জন্য অর্থ
সংগ্রহ করছি, একটি মানবাধিকার
ফোরামের নেতৃত্বাধারণ করছি এবং
আফ্রিকান এবং ক্যারিবিয়ান সমাজের জন্য
একটি ইন্ডেন্টের পরিকল্পনা করছি –
আমি কোনোদিন কল্পনাও করিনি যে
একসাথে এত রকম কাজ আমি
বিশ্ববিদ্যালয়ে এসে করবো।
কালীনা

কীভাবে সব কিছুর মূল্য দেপ্তদান করা হয়?

খুব সামান্য মূল্য অগ্রিম পরিশোধ করা হয়

অক্সফোর্ড দৃঢ়সংকল্পবন্ধ যে, যে সমস্ত শিক্ষার্থীরা এখানে পড়াশোনার সুযোগ পান তারা যাতে এখানে আসতে সমর্থ হয়। শুরুতে খুব সামান্য মূল্য প্রদান করতে হয়, এবং ইউকের শিক্ষার্থীদের জন্য সরকার, বিশ্ববিদ্যালয় এবং শিক্ষার্থীর কলেজ থেকে প্রচুর পরিমাণ আর্থিক সহায়তা পাওয়া যায়।

এতে কত খরচ হবে?

শিক্ষার্থীদের দুটি খরচ দিতে হয়।

কোর্স ফি:

পাঠ্যক্রমের পাঠদান ও সুবিধাগুলির জন্য এইটুকু মূল্য চোকাতে হয়।

- একটি অক্সফোর্ড ডিপ্লি লাভের খরচ ইউকের অধিকাংশ বিশ্ববিদ্যালয়ের খরচের সমতুল্য।
- সঠিক কোর্স ফি নির্ভর করে আপনার স্তরান ইউকের ছাত্র নাকি আন্তর্জাতিক শিক্ষার্থী তার উপর।
- এই মুহূর্তে, একজন ইউকের শিক্ষার্থীর কোর্স ফি বছরে £9,250 পাউন্ড, তবে 2021-22 শিক্ষাবর্ষের খরচ শরৎকালের আগে জানা যাবে না। বিস্তারিত তথ্যের জন্য, ox.ac.uk/ugfees ওয়েবসাইটটি দেখুন।

বস্বাসের খরচ:

এর মধ্যে রয়েছে খাদ্য, ভাড়া এবং সামাজিক ক্রিয়াকলাপসমূহের খরচ।

- এই বায়গুলি একজন শিক্ষার্থীর জীবনযাত্রার মানের উপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে, তবে 2020 সালে, অক্সফোর্ড এক শিক্ষার্থীর জন্য ভাড়া ও খাবার সহ মোট জীবনযাত্রার ব্যয় এক মাসে £1,135 থেকে £1,650 পাউন্ডের এর মধ্যে হয়। বিস্তারিত তথ্যের জন্য, ox.ac.uk/uglivingcosts ওয়েবসাইটটি দেখুন।



এটির জন্য কীভাবে অর্থ প্রদান করা হয়?

সমস্ত ইউকের শিক্ষার্থীরা দুটি প্রথক সরকারী লোনের জন্য আবেদন করতে পারেন এবং গ্রহণ করতে পারেন:

টিউশন ফি খুণ:

- এটি আপনার স্তরানের সম্পূর্ণ কোর্সের ফি-কে কভার করে এবং বিশ্ববিদ্যালয় থেকে টার্ম অনুসারে সরাসরি প্রদান করা হয়।

রক্ষণাবেক্ষণগত খুণ:

- এটি জীবনযাত্রার ব্যয়ের জন্য খরচ হয় এবং প্রতি টার্মের শুরুতে আপনার স্তরানকে এই অর্থ প্রদান করা হয়।
- আপনার শিশু কর্তৃ পাবে তা তাদের পরিবারের আয়ের উপর নির্ভর করবে। বিস্তারিত তথ্যের জন্য, ox.ac.uk/funding ওয়েবসাইটটি দেখুন।

কীভাবে খুণ পরিশোধ করা হয়?

- শিক্ষার্থীরা চাকরি পাওয়ার পর এবং বছরে £25,725 পাউন্ড উপর্যুক্ত করতে পারার পরই এই খুণগুলি পরিশোধ করতে শুরু করে (2019/20 কর বর্ষের হিসাবে)।
- উদাহরণস্বরূপ, 2019/20 সালে যে গ্রাজুয়েট £30,000 পাউন্ড উপর্যুক্ত করে তার কাছ থেকে লোন পরিশোধের জন্য প্রতি মাসে £32 পাউন্ড প্রত্যাশা করা হয়।
- যে কোনও অনাদায়ী খুণ 30 বছর পরে বাতিল করা হয়।

**ইউরোপীয় ইউনিয়নের
শিক্ষার্থীরা:** 2021-22
শিক্ষাবর্ষে কোর্স শুরু করতে
যাওয়া ইইউ শিক্ষার্থীদের জন্য ফি
এবং সহায়তার ব্যবস্থাগুলি বর্তমানে
অজানা। সর্বশেষ তথ্যের জন্য
আমদের ওয়েবসাইট দেখুন:
[ox.ac.uk/students/
oxford-and-the-eu](http://ox.ac.uk/students/oxford-and-the-eu).

ওয়েলস,
স্টেল্লান্ড এবং উত্তর
আয়ারল্যান্ডের নিম্ন-আয়ের
পরিবারের শিক্ষার্থীগণ বর্তমানে
অপরিশোধযোগ্য সরকারী
রক্ষণাবেক্ষণ অনুদানের
জন্য আবেদন করতে
সক্ষম।



অক্রাফোর্ড কি খরচে সাহায্য করে?

উদার তহবিল সহায়তা উপলব্ধ

আমরা সত্ত্বে চাইনা যে আমাদের শিক্ষার্থীদের বিল পরিশোধের বিষয়ে উদ্বিগ্ন হতে হোক, তাই অক্রাফোর্ড ইউকে-এর যে কোনও বিশ্ববিদ্যালয়গুলির মধ্যে সবচেয়ে উদার আর্থিক সহায়তা প্যাকেজ প্রদান করে থাকে। অক্রাফোর্ডে প্রতি চারজন ইউকে শিক্ষার্থীর মধ্যে অন্তত একজন বর্তমানে অ-পরিশোধযোগ্য ছাত্রবৃত্তি লাভ করেন।

অর্থায়নের কি কি ব্যবস্থা আছে?

স্বল্প পারিবারিক আয়ের ইউকে শিক্ষার্থীদের খরচ বহন সাহায্য করার জন্য অপরিশোধযোগ্য ফান্ডিং পাওয়া যায়।

ক্র্যাঙ্কস্টোর্ট বৃত্তি

ক্র্যাঙ্কস্টোর্ট স্কলারশিপ ছাত্রদের শিক্ষা ও জীবনধারণের ব্যয়ের জন্য প্রতি বছর £5000 পাউন্ড পর্যন্ত। অপরিশোধযোগ্য ছাত্রবৃত্তি প্রদান করে থাকে। এছাড়া এটি কর্মসংস্থানের দক্ষতা বিকাশ এবং স্বেচ্ছাসেবার সুযোগের জন্য বিভিন্ন ফান্ডেড ইন্টার্নশিপের সুযোগ প্রদান করে। অক্রাফোর্ডের ক্র্যাঙ্কস্টোর্ট স্কলারশিপ সেই সমস্ত শিক্ষার্থীদের জন্য উপলব্ধ, যে সকল ইউকের ছাত্রার তাদের প্রথম ডিপ্লির জন্য পড়াশোনা করছে এবং যাদের পারিবারিক আয় £27,500 পাউন্ড বা তার কম।

অক্রাফোর্ড বাসারি

যে সকল ইউকে-র শিক্ষার্থীরা তাদের প্রথম ডিপ্লির জন্য অধ্যয়ন করছে এবং যাদের পারিবারিক আয় বছরে £42,875 পাউন্ডের কম (যারা ক্র্যাঙ্কস্টোর্ট স্কলারশিপ পাননি) তারা আর্থিক সহায়তার জন্য বাস্তিক অপরিশোধযোগ্য ছাত্রবৃত্তির জন্য উপযুক্ত। এই ছাত্রবৃত্তির পরিমাণ পরিবারের আয়ের উপর নির্ভর করে, তবে এটি বছর £3,200 পর্যন্ত হতে পারে।

অক্রাফোর্ড-আলন হামিল্টন অ্যান্ড আলাইন বাটলার সিমস স্কলারশিপ

যে সকল কৃষ্ণাঙ্গ আফ্রিকান বা কৃষ্ণাঙ্গ ক্যারিবিয়ান প্রতিদেহের ইউকে বাসিন্দাগণ সুবিধাবশিষ্ঠ অবস্থা থাকে এসেছেন তারা এই অপরিশোধযোগ্য স্কলারশিপের জন্য আবেদন করতে পারবেন, যে বৃত্তিতে প্রতি বছর একজন স্নাতক শিক্ষার্থীর ফি এবং জীবনযাত্রার বায় অন্তর্ভুক্ত থাকে, তিন বছরের জন্য।

যে সমস্ত শিক্ষার্থী যত্ন নিয়েছেন বা তাদের পরিবার থেকে বিচ্ছিন্ন হয়েছেন

আপনার সত্তান যদি কখনও তিন মাসের বেশি সময় কেয়ারে থেকে থাকে অথবা তার পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে থাকে, তাহলে আমরা তাদেরকে £3,000 পাউন্ড পর্যন্ত একটি অপরিশোধযোগ্য বাস্তিক ছাত্রবৃত্তির সুযোগ দিতে পারি। তারা যদি একই সঙ্গে ক্র্যাঙ্কস্টোর্ট স্কলারশিপও লাভ করে থাকে, সেক্ষেত্রে তারা প্রতি বছর সর্বাধিক মোট £7,200 পাউন্ড ছাত্রবৃত্তি লাভের উপযুক্ত হতে পারে।

অক্রাফোর্ড ভ্রমণ পরিপূরক

যদি আপনার সত্তানের ক্র্যাঙ্কস্টোর্ট স্কলারশিপ বা অক্রাফোর্ড বাসারি থাকে এবং যদি সে অক্রাফোর্ড থেকে 80 থেকে 150 মাইলের মধ্যে বসবাস করেন, সেক্ষেত্রে তাদেরকে £200 পাউন্ড অপরিশোধযোগ্য বাস্তিক অক্রাফোর্ড ট্র্যাভেল সাল্পিমেন্ট দেওয়া হবে। যদি তারা অক্রাফোর্ড থেকে 150 মাইলের অধিক দূরে থাকে, তাহলে তারা £500 পাউন্ড পাবে।

শিক্ষার্থী সহায়তা তহবিল

এই তহবিল সেই সমস্ত ইউকে শিক্ষার্থীদের সহায়তা করে যাদের বিভিন্ন পরিস্থিতিতে আর্থিক সহায়তার প্রয়োজন। যদি আপনার সত্তানের আর্থিক প্রয়োজনীয়তা থাকে বা তাদের কোস্ট শুরু করার পরে তাতিক্ষেত্রে ব্যতিক্রমী ব্যয়গুলি পূরণ করার প্রয়োজন হয়, তাহলে তারা অপরিশোধযোগ্য সাল্পিমেন্টারি ফান্ডের জন্য আবেদন করতে পারবেন।



“
কলেজের
খাবারদাবার সত্তিই
অত্যন্ত সন্তা, আর
আপনাকে খুব কম বই কিনতে
হবে কারণ অক্সফোর্ডের
সবকিছুই আছে।
মেভি



কলেজগুলি কীভাবে খরচ কম রাখে?

অনেক কলেজই গবেষণা, সরঞ্জাম এবং শিক্ষা সম্পর্কিত দ্রুমণের মতো বিষয়ের জন্য অতিরিক্ত তহবিলের পাশাপাশি
তাপ্ত্যমূর্চ বা অপ্ত্যাপিত আর্থিক চাহিদা সম্পর্ক শিক্ষার্থীদের অস্বচ্ছলতা তহবিল সরবরাহ করে থাকে।

অক্সফোর্ড কীভাবে তাদের অর্থকে আরও প্রসারিত করে?

- অক্সফোর্ডের 100-টিরও বেশী লাইব্রেরী ভবনে প্রায় 13 মিলিয়নেরও বেশি মুদ্রিত আইটেমের মধ্যে থাকে শিক্ষার্থীরা সাধারণত তাদের ধয়েজনীয় বই এবং স্টেডি রিসোর্সগুলি না কিনে বিনামূলে খুঁজে নিতে পারেন।
- অক্সফোর্ড কলেজগুলিতে ভর্তুকিযুক্ত খাবার এবং বিনোদন সরবরাহ করা হয়, তাই খাওয়ান্দাওয়া এবং সক্রিয় সামাজিক জীবনযাপনের জন্য খুব বেশি খরচ করার প্রয়োজন হয় না।
- বিশ্ববিদ্যালয় এবং কলেজগুলির নিজস্ব খেলাধুলোর ব্যবস্থাপনা রয়েছে যা সাধারণত শিক্ষার্থীদের জন্য বিনামূল্য বা ভর্তুকিযুক্ত।
- আপনার স্থানকে কমপক্ষে দুই বছরের কোর্সের জন্য একটি কলেজ কক্ষ দেওয়া হবে। এর অর্থ তাদেরকে কেবলমাত্র টার্মের সময় ভাড়া দিতে হয় যা সাধারণত কেবলমাত্র আট সপ্তাহ দীর্ঘ।



“
আমি একটি একক
পিতামাতার পরিবার থেকে
গ্রেছি এবং আমার মায়ের
একটি দীর্ঘস্থায়ী অসুস্থতা রয়েছে,
যার ফলশ্বরূপ আমি পায় পাঁচ বছর ধরে
বিভিন্ন সময়ে তার ক্ষেত্রে হিসাবে আছি।
এত কিছুর মধ্যে অক্সফোর্ড ভর্তির প্রত্তির সময়
আবার অর্থের চাপ নেওয়া আমার পক্ষে অসম্ভব
ছিল... ক্লাঙ্কস্টোর্ট অফারটি আমার মাথার
উপর থেকে একটি বিশাল ভার লাঘব
করেছিল। নিঃসন্দেহে, ক্লাঙ্কস্টোর্ট বৃত্তি
আমায় দেওয়া সবচেয়ে মূল্যায়ন
সুযোগগুলির মধ্যে অন্যতম।
এলি

“
চাতব্যতির সহায়তা
অত্যন্ত ঔপন্তিকীযুক্ত কারণ
এটি অধিকাংশ পরিমাণ
থাকার খরচকে পুরণ করে। আর্থিক
পরিস্থিতি নিয়ে আমার মাথা ঘামানোর
দরকার নেই, এবং আমি আমার
পড়াশুনায় মনোনিবেশ করতে
পারি।
লুকাস

তারা একটি কোর্স কীভাবে বেছে নেয়? তারা ভালবাসে এমন কিছু করুন

কিছু শিক্ষার্থী স্কুলে তাদের পছন্দের বিষয়টি নিয়ে বিশ্ববিদ্যালয়ে পড়তে চায়, আবার কেউ কেউ নতুন কিছু শিখতে চায়। শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে আবেদন করার সময় সবচেয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তটি হল কোর্স নির্বাচন। আমরা জানি সিদ্ধান্ত নেওয়া কঠিন, তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি হ'ল আপনার সত্ত্ব যেন এমন একটি কোর্স বেছে নেন যা নিয়ে তারা সত্যিই আরও বেশি জানতে চান এবং পড়াশোনা উপভোগ করবেন। তাদের ডিগ্রি কোর্স যাই হোক না কেন, আমাদের শিক্ষার্থীরা এখানে পাঠ শেষ করার পরে তাদের জন্য আকর্ষণীয় ক্যারিয়ার বেছে নেওয়ার বিকল্প রয়েছে।



বিশ্ববিদ্যালয়ে
অধ্যয়ন করা বিষয়টি
অধিকাংশ চাকুরীর ক্ষেত্রে
নির্দিষ্টভাবে জানানো থাকেন;
সমস্ত ডিগ্রি কোর্স আপনাকে
মূল্যবান কর্মসংস্থানের দর্শকতায়
বিস্তৃতরূপে সজ্ঞাত করে।
জোনাথন ব্ল্যাক,
কেরিয়ার সার্টিস

তারা কীভাবে সঠিক কোর্সটি বেছে নিতে পারে?

অধ্যয়নের জন্য সঠিক কোর্সটি বেছে নেওয়ার বিভিন্ন উপায়
রয়েছে।

একটি প্রিয় বিষয়

কিছু ব্যক্তির স্কুল থেকে একটি প্রিয় বিষয় রয়েছে যা তারা বিশ্ববিদ্যালয়ে পড়তে চায়। কোর্স কী কী জিনিস রয়েছে সেগুলি বিশদে দেখা জরুরী, কারণ কিছু কিছু বিষয় স্কুলের তুলনায় বিশ্ববিদ্যালয়ে অনেকটাই আলাদা হতে পারে।

বেশ কয়েকটি বিষয় সম্পর্কিত

অক্সফোর্ড বেশ কিছু 'জয়েন্ট' কোর্স প্রদান করে, যেখানে বিভিন্ন আলাদা আলাদা বিষয় একসঙ্গে একই সময়ে অধ্যয়ন করা যায়। এর অর্থ হল যে শিক্ষার্থীরা তাদের আগ্রহের বিভিন্ন বিষয়গুলি অন্বেষণ করতে পারে এবং সেগুলিকে কীভাবে একসাথে কাজে লাগানো যায় তা দেখে দেখতে পারে।

নতুন কিছু

এখানে প্রচুর কোর্স রয়েছে যা সাধারণত স্কুলে উপলব্ধ নয়, যেমন প্রত্তিত্ব এবং নৃত্ব, জৈব বসায়ন এবং মানব বিজ্ঞান। এই কোর্সগুলি সেই সকল শিক্ষার্থীদের জন্য উপযুক্ত যারা তাদের বিশেষ পছন্দের বিষয়গুলির সম্পর্কে নতুন কিছু শিখতে আগ্রহী।



আমাদের কাঠোরসের চয়ন সম্পর্কতি ডিও
দ্যাখন: ox.ac.uk/whichcourse



সকল বিশ্ববিদ্যালয়ের কোর্সগুলি কি একই রকম?

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে কোর্সগুলি সম্পূর্ণ আলাদা রকমের হতে পারে, যদিও তাদের নাম একই হয়। আপনার সত্তান যে বিষয়ে আগ্রহী তা তার পছন্দ করা কোর্সের মধ্যে রয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য কোর্সটিতে কী যুক্ত রয়েছে তার বিশদটি দেখ নওয়া উচিঃ।

অন্তরফোর্ডে কোর্সগুলি কেমন?

অন্তরফোর্ডে প্রচুর ধরণের অসংখ্য কোর্স রয়েছে, তবে তাদের মধ্যে কিছু কিছু কমন জিনিস রয়েছে।

- আমাদের সমস্ত কোর্স কমপক্ষে তিন বছর স্থায়ী হয়, তবে কিছু কিছু কোর্স চার বা পাঁচ বছর সময় নিতে পারে। এটি সাধারণত হয় যদি তার মধ্যে এক বছর বিদেশে থাকা বা একটি বর্ষিত প্রজেক্টে অন্তর্ভুক্ত থাকে।
- আমাদের সমস্ত কোর্স অপরিহার্য বিষয়গুলি অন্তর্ভুক্ত রয়েছে, মাশামাশি রয়েছে বিভিন্ন বিকল্প যা শিক্ষার্থীরা তাদের পছন্দ অনুযায়ী বেছে নিতে পারে।

ভর্তি হওয়ার জন্য কোন গ্রেডের প্রয়োজন?

একজন শিক্ষার্থী এ-লেভেলে (বা সমমানের) যে গ্রেড লাভ করে সেটি ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের পরবর্তী কোন কোর্সগুলি তার জন্য উন্মুক্ত হবে তার উপর অনেকটা প্রভাব ফলে। কিছু কোর্স আবেদনের জন্য শিক্ষার্থীদের কিছু নির্দিষ্ট বিষয়ও অধ্যয়ন করা প্রয়োজন হয়।

অন্তরফোর্ডে যাগদানের জন্য একটি শক্তিশালী আবেদন করার জন্য, একজন শিক্ষার্থীর কাছ থেকে তিনিটি এ-লেভেল (বা সমমানের) আশা করা হয়। তারা যে কোর্সের জন্য আবেদন করতে চায় সেগুলির জন্য প্রয়োজনীয় গ্রেড বিভিন্ন হতে পারে, এবং বহু সফল প্রার্থী প্রক্রতপক্ষে এগুলির চেয়ে উচ্চ গ্রেড পেয়ে থাকেন, তবে এগুলি সাধারণত এরকম:

- A-লেভেলসমূহ: A*A*A-AAA.
- আপনার সত্তান যদি কোনও বিজ্ঞানের এ-লেভেল নিতে চায়, তবে আশা করা হয় যে তারা প্র্যাকটিকাল উপাদানগুলি শ্রেণণ ও মাস করবে।



সেখানে কি পড়ানো হয়? বিশেষজ্ঞ এবং ব্যক্তিগতকৃত



অক্সফোর্ডের পাঠদান অন্যান্য বেশিরভাগ বিশ্ববিদ্যালয়ের চেয়ে আলাদা। প্রত্যেক শিক্ষার্থী তাদের শিক্ষক/শিক্ষিকার কাছ থেকে অনেকটা ব্যক্তিগতকৃত মনোযোগ লাভ করে, সাথে সাথে তাদেরকে স্বাধীনভাবে শেখাব জন্যও উৎসাহিত করা হয়।

অক্সফোর্ড শিক্ষার্থীদের কীভাবে পড়ানো হয়?

অক্সফোর্ডের শিক্ষার্থীরা সাধারণত তাদের শিক্ষার মেয়াদের সময় নিয়মিত টিউটোরিয়াল শিক্ষা লাভ করে। টিউটোরিয়াল হল একটি কোর্সের বিষয়ে কথোপকথন, যা সাধারণত একজন শিক্ষক এবং দুই বা তিন শিক্ষার্থীর মধ্যে হয়, এবং প্রায় এক ঘন্টা স্থায়ী হয়। এই সময়কালে, সেই সম্ভাবনে শিক্ষার্থীরা কী কী শিখছেন তা নিয়ে কথা বলবেন এবং তাদের প্রস্তুত করা কাজের বিষয়ে প্রতিক্রিয়া জানানো হবে। তারা যে কোর্স করছে সেই অনুসারে কোনও প্রবন্ধ বা প্রবলেম শিট থাকতে পারে।

সেখানে অন্য ধরনের শিক্ষার কি ব্যবস্থা আছে?

টিউটোরিয়ালের পাশাপাশি, শিক্ষার্থীরা বিভিন্ন লেকচারে উপস্থিত থাকে, যেখানে একজন শিক্ষক একটি বড় ছাঁপের সাথে একটি বিষয় নিয়ে কথা বলেন। সেই সাথে তারা একদল শিক্ষার্থীর সাথে সাঙ্গাহিক ক্লাসও করতে পারেন। কিছু কোর্স, বিশেষত বিজ্ঞানের কোর্সগুলিতে ল্যাবরেটরিতে বা বাইরে ফিল্ডওয়ার্কের প্র্যাকটিকাল সেশন থাকে।

তারাতারা কি নিজেরাও পড়াশোনা করে?

অক্সফোর্ড শিক্ষার্থীদের কাছ থেকে আশা করা হয় যে তারা নিজেরাই প্রচৰ কাজ করবেন। এর মধ্যে প্রায়শই থাকে বহুয়ের পর্ণ তালিকার মাধ্যমে কাজ করা, প্রবন্ধ রচনা বা কোনও প্রবলেম শিটের প্রশ্নাবলী মূরণ করা। শিক্ষার্থীরা এই কাজ স্বাধীনভাবে করে থাকেন, তবে তাদের প্রশ্নের উত্তর দেওয়া এবং সাহায্যের জন্য তাদের টিউটোররা থাকেন। এই স্টাইলে কাজের অর্থ শিক্ষার্থীরা তাদের সময়কে খুব ভালভাবে পরিচালনা করতে শিখতে পারে। যে সকল ছাত্ররা প্র্যাকটিকাল কাজসহ বিজ্ঞানের কোর্স করছেন তাদেরকে ইতিহাস বা ইংরেজির মত প্রবন্ধ-ভিত্তিক বিষয়গুলির তুলনায় নিজেদের অপেক্ষাকৃত কম কাজ করতে হয়।

সেখানে কি কোনো পরীক্ষা নওয়া হয়?

অক্সফোর্ডের কোর্সগুলিতে মূলত পরীক্ষার মাধ্যমে মূল্যায়ন করা হয়, তবে বিষয়ের বিভিন্নতায় কিছু ক্ষেত্রে কোনও প্রোজেক্ট বা দীর্ঘ প্রবন্ধও এর নির্ণয়ক হতে পারে। অধিকাংশ কোর্সে শিক্ষার্থীরা তাদের প্রথম বর্ষে পরীক্ষা দেয়। তাদেরকে এই পরীক্ষাগুলি অবশ্যই পাস করতে হয়, তবে এই পরীক্ষাগুলি তাদের চূড়ান্ত ডিপ্রিয় ক্লাসের ক্ষেত্রে গণনা করা হয়না। পরবর্তী বছরগুলিতে, শিক্ষার্থীরা 'ফাইনাল' পরীক্ষার লক্ষ্যে কাজ করে, যা সাধারণত তাদের শেষ টার্মে অনুষ্ঠিত হয়। এই পরীক্ষার ফলাফল তাদের ডিপ্রিয় ক্লাস নির্ধারণ করে।



টিউটোরিয়াল
সিস্টেমটি যে কোনও
ধরণের শিক্ষা প্রদান
পদ্ধতির থেক তুলনায়
অসাধারণ এবং
অতুলনীয়।
অদিতি

ভবিষ্যতের জন্য দক্ষতা শিক্ষণ

অক্সফোর্ড শিক্ষার্থীদের যেভাবে শিক্ষান করা হয় -
তা তাদেরকে কঠিন দক্ষতা দেয় -
যেমন নিজের জন্য চিন্তা করা এবং
স্পষ্টভাবে যোগাযোগ করা - যা
তাদের পরবর্তী জীবনে এবং
কেরিয়ারে ব্যবহার করা
যেতে পারে।

অধ্যয়ন আৱ কি কি সহায়তা পাওয়া যায়?

ব্যক্তিগত সহায়তা, প্রচুর বই এবং শেখাব জন্য শান্ত জায়গা

অক্রাফোর্ডে শিক্ষার্থীৱা কৰ্তৃৱ পৰিশ্ৰম কৱেন, তবে প্রচুৱ সহায়তাৱ পাওয়া যায়, এবং প্রচুৱ প্ৰস্তাৱৰ এবং অন্যান্য সুযোগ-সুবিধাগুলি শিক্ষালাভেৰ এই অভিজ্ঞতাটিকে যথাসম্ভব মসৃণ কৱে তোলে। শিক্ষার্থীদেৱ পৰিস্থিতি যাই হোক না কেন, তাৱা যাতে তাদেৱ কোৱ এবং সময় থকে সৰ্বাধিক সুবিধা লাভে সক্ষম হয় তা নিশ্চিত কৱাৱ জন্য অক্রাফোর্ডে আমৰা যথাসাধ্য চেষ্টা কৱি।

তাৱা সহায়তাৱ জন্য কাৰ কাছে যতে পাৰেন?

অক্রাফোর্ডে প্রত্যেক শিক্ষার্থীকে একজন ব্যক্তিগত শিক্ষক দেওয়া হয়, যাৱা তাদেৱ পড়াশুনাৰ দেখাশোনা কৱেন। তাৱা যে সৰ্বদা এই ব্যক্তিগত কাছে পড়াশোনা কৱেন এমন নাও হতে পাৰে, তবে এৱ অৰ্থ হ'ল সৰ্বদা এমন কেউ আছেন যাঁৱ কাছে তাদেৱ পঞ্চ বা উদ্বেগ নিয়ে যাওয়া যতে পাৰে। এই টিউটোৱ প্রতিটি শিক্ষার্থীৰ বিষয়ে ভাল ভাবে জানেন, এবং ফলত তাদেৱকে অনেক বেশি ব্যক্তিগত মনোযোগ এবং সহায়তা প্ৰদান কৱতে পাৰেন।

যদি তাদেৱ কোনো নিৰ্দিষ্ট চাহিদা থাকে?

যদি আপনাৱ সভানেৱ কোনও বিশেষ চাহিদা থাকে -
যেমন, যদি তাৱা তাদেৱ পৰীক্ষায় অতিৰিক্ত সময় পাওয়াৰ যোগা হয় বা তাদেৱ নিৰ্দিষ্ট IА সৱজ্ঞামৰ প্ৰয়োজন হয় -
তাদেৱ প্ৰয়োজনীয় সহায়তা দান কৱাৱ জন্য ডিসএবিলিটি আ্যাডভাইসিৱ সাডিস রয়েছে। কোনও অতিৰিক্ত ব্যয়
পুৱণে সহায়তা পেতে, আপনাৱ সভান ডিসএবল স্টুডেন্ট'স আলাওয়েন্স পাওয়াৰ উপযুক্ত হতে পাৰেন।

ox.ac.uk/das

প্ৰস্তাৱৰ এবং শেখাৱ জায়গাগুলি কেমন?

শিক্ষার্থীদেৱ অধ্যয়নতে সহায়তা কৱাৱ জন্য অসাধাৱণ সুবিধাগুলি প্ৰহণেৱ সুযোগ রয়েছে।

অক্রাফোর্ড প্ৰস্তাৱগুলি

শিক্ষার্থীদেৱ যে সমষ্ট বহুয়েৱ প্ৰয়োজন হবে তাৱ
অধিকাংশই, এমনকি সবগুলিই তাৱা বিনামূল্যে পড়তে
পাৰেন, আৱ পড়াৱ জন্য নিৰিবিলি স্থানেৱ কমতি নহ'।
তাদেৱকে প্ৰস্তাৱগুলি ব্যবহাৱ কৱাৱ প্ৰশিক্ষণ দেওয়া
হবে, এবং আমাদেৱ বিশেষজ্ঞ কৰ্মীৱা আপনাৱ সভানেৱ
জন্য প্ৰচুৱ সংখ্যক মুদ্ৰিত এবং অনলাইন মুক্তক এবং তথা
উপলক্ষ কৱতে সহায়তা কৱেন।

www.bodleian.ox.ac.uk

মিউজিয়াম এবং গ্যালারিগুলি

অক্রাফোর্ডে সাতটি মিউজিয়াম এবং সংগ্ৰহশালা রয়েছে।
এগুলি অতিৰিক্ত সময়ে পড়াৱ জন্যও দুৰ্দান্ত, আৱাৱ
শিক্ষার্থীৱা এগুলি বিভিন্ন কোৱেৱ জন্যও ব্যবহাৱ কৱতে
পাৰেন।

www.glam.ox.ac.uk



6677

পিটি রিভার্স
মিউজিয়ামেৱ পাশেই
ৱয়েছে র্যাডক্লিফ সায়েন্স
লাইব্ৰেৰি যাটি একটু বিৱতি
নিয়ে নেওয়াৰ জন্য আদৰ্শ স্থান।
নিকটবৰ্তী প্রাথনা গ্ৰহণ একটি
অধ্যায়ন স্থান হিসাবে
সুবিধাজনক হতে পাৰে।
আমিনা

ভাষা কেন্দ্ৰ

অক্রাফোর্ডে শিক্ষার্থীদেৱ এখানে থাকাকালে ভাষা
শেখাৱ জন্য একটি ভাষাৱ ডিপ্রি অধ্যয়ন কৱতে হবে
না। আমাদেৱ একটি কেন্দ্ৰ ৱয়েছে যা শিক্ষানবিশ থকে
বিশেষজ্ঞ পৰ্যন্ত প্রত্যেকেৱ জন্য ক্লাস পৰিচালনা কৱে
থাকে। এখানে একটি ভাষা শিক্ষা আপনাৱ সভানেৱ
পড়াশুনা, কৈৱিয়াৱ বা ভ্ৰমণেৱ ক্ষেত্ৰে ভিষ্যতে উপযোগী
হতে পাৰে।

www.lang.ox.ac.uk

শিক্ষার্থীরা কোথায় থাকেন? নিরাপদ এবং স্বাগত জ্ঞানকারী কলেজ কমিউনিটি

শিক্ষালাভ চলাকালে শিক্ষার্থীরা আমাদের একটি কলেজের অস্তর্ভুক্ত হন। অক্সফোর্ডের শহর কেন্দ্রের আশেপাশে 30-টিরও বেশি কলেজ রয়েছে। এগুলি প্রতিটি নিরাপদ এবং আন্তরিকতামূর্ণ কমিউনিটি যেখানে আপনার সন্তান তাদের বেশিরভাগ সময় বায় করবেন, বিশেষত যখন তারা এখানে প্রথম আসবেন। অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মতো অক্সফোর্ডের কোনও কেন্দ্রীয় ক্যাম্পাস নেই।

“”

এই জাতীয় একটি
ঘনিষ্ঠ জনগোষ্ঠীর
থেকে আপনি এমন এক
ধরণের বন্ধুত্বমূর্ণ পরিবারিক
পরিবেশ পেয়ে থাকেন যা প্রায় দ্বিতীয়
পরিবারের মতো এবং আপনার
নিজের বাড়ির অনুভূতি
আসে।
জাক



কলেজ কি?

কলেজগুলিই অক্সফোর্ড জীবনের কেন্দ্রবিন্দু এবং অধিকাংশ শিক্ষার্থীরা মান করেন যে এটিই তাদের ঘরবাড়ি। কলেজ হল এমন এক জায়গা যেখানে শিক্ষার্থীরা খাওয়ানাওয়া করা, বসবাস করা, বন্ধুদের সাথে সময় কাটানো এবং তাদের ধোয়াপরিসরণের কাজ করতে পারেন। কলেজ টিউটররা শিক্ষার্থীদের পড়াশোনায় সহায়তা করেন, এবং সাধারণত তাদের কলেজগুলিতে ছাত্রদের পড়ান। কলেজগুলিতে এন্ট্রেং লজ থাকে যা সাধারণত 24/7 কর্মীরা থাকেন। এছাড়া আপনার সন্তানের সঙ্গে অন্য কলেজে পাঠ্যত অন্যান্য ব্যক্তিদের সাথে তার বিষয় বিভাগে দেখা হবে এবং বিশ্ববিদ্যালয়ব্যাপী ইলেক্ট্রনিলিতেও দেখা হবে। কলেজগুলিতে পচার অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং শিক্ষার্থীদের প্রায়শই পচার বন্ধুবান্ধব থাকে।

পার্থক্যগুলি কি কি?

প্রতিটি কলেজের নিজস্ব স্বতন্ত্র চরিত্র রয়েছে, তবে সেখানে জীবন প্রায় একই রকম। কয়েকটি খুব মুরানো, অন্যগুলি বেশ নতুন। কয়েকটা বেশ বড়সড় এবং বাকিগুলি বেশ ছোটখাট। তারা যে কলেজেরই হোক না কেন, আপনার সন্তানের ডিপ্রি কোর্স একইভাবে শেখানো হবে।

আপনি কি একটি কলেজ নির্বাচন করেন?

যখন তারা আবেদন করে, আপনার সন্তান হয় একটি নির্দিষ্ট কলেজ চয়ন করতে পারেন বা একটি ‘উন্মুক্ত আবেদন’ জমা দিতে পারেন, যার অর্থ “আমার আপত্তি নেই।” আমরা আশা করি মানুষ কলেজ নির্বাচন করার বিষয়ে খুব বেশি চিন্তা করবেন না - বেশিরভাগ শিক্ষার্থীর তাদের কলেজকে সেরা বলে মনে করেন - পড়াশোনার জন্য সঠিক কোর্সটি বেছে নেওয়া আরও বেশি শুরুত্বমূর্ণ।

2019 সাল, সফল
আবেদনকারীদের
35% ছাত্র এমন কলেজে
থাকে অফার পয়েন্টেলিনে
যা তারা তাদের
অ্যাপ্লিকেশনে বেছে
ননেন্টি



যদি আপনার সত্তানের কোনও বিশেষ আবাসনের প্রয়োজনীয়তা থাকে তবে আমাদের তা যত তাড়াতাড়ি সম্ভব জানানো জরুরী। আমরা তাদের পরামর্শের জন্য আমাদের অক্ষমতা পরামর্শদান পরিষেবা(Disability Advisory Service)তে যাগাযোগ করতে উৎসাহিত করব।

ox.ac.uk/das

আপনি কি কলেজ থাকেন?

আমাদের সমস্ত ছাত্রদের তাদের প্রথম বছরের জন্য একটি কলেজ কর্ফ দেওয়া হয়। এটি কলেজ দ্বারা বেছে নেওয়া হয়, তাই আপনার সত্তানকে এটি নিজে বাছাই করতে হয়না। সমস্ত কলেজ কমপক্ষে আরেকটি বছরের জন্য কর্ফ অফার করে, এবং কেউ কেউ পুরো কোর্সের জন্য অফার করে। ব্যক্তিগত আবাসনগুলিতে বসবাস করা অধিক ব্যয়বহুল হতে পারে কারণ সেগুলিতে সাধারণত ছুটির দিনগুলি সহ একটি গোটা বছরের চুক্তি হয়। যে সকল শিক্ষার্থীরা তাদের কলেজে বসবাস করেন না তারাও কলেজের সমস্ত সুযোগ-সুবিধাগুলি ব্যবহার করতে পারেন, এবং অনেকেই প্রকৃতই বন্ধুদের সাথে বসবাস করতে পছন্দ করেন এবং প্রথমবারের জন্য স্বাধীনভাবে বিঁচে থাকার অভিজ্ঞতা উপভোগ করেন।

কলেজের কক্ষগুলি কেন?

এই ঘরগুলি মূল কলেজ ভবনে বা আশেপাশের কোথাও থাকতে পারে। ঘরগুলি আকারে বিভিন্ন রকম হতে পারে, তবে এগুলি ভাল মানের এবং সজ্জিত হয়- এবং আপনার সত্তানকে কখনই একটি বেডরুম অন্য কক্ষের সঙ্গে ভাগ করতে হয় না। কিছু কলেজ কক্ষের নিজস্ব শাওয়ার বা বাথরুম রয়েছে। অনেক শিক্ষার্থী মাঝে মাঝে তাদের ঘরে অধ্যয়ন করতে পছন্দ করেন এবং তাদেরকে ডেস্ক সরবরাহ করা হয়। নতুন শিক্ষার্থীদের সাধারণত একে অপরের কাছাকাছি ঘর দেওয়া হয় যার ফলে ঘারা সদা আগত তাদের পক্ষে একে অপরের সঙ্গে পরিচিত হওয়া সহজ হয়।



যত্থে অভিজ্ঞ এবং
বিছিন্ন শিক্ষার্থীদের
ছুটিতে ব্যয় করতে সহায়তা
করতে £3,000 পাউন্ড পর্যন্ত
অপরিশেধযোগ্য ছাত্রবৃত্তি প্রদানের
ব্যবস্থা রয়েছে। এছাড়াও তাদেরকে
365 দিনের বসবাসের ব্যবস্থা
সুরক্ষিত করতে সহায়তা
দেওয়া হয়।



কে তাদের দখাশোনা করবেন?

সাহায্য এবং পরামর্শ হাতের নাগালে

অধিকাংশ শিক্ষার্থী যখন বিশ্ববিদ্যালয়ে আসেন তখন তাদের বয়স 18 বছরের বেশি হয়, ফলে তারা সকলেই প্রাপ্তবয়স্ক। তবে অনেকেই এমন থাকেন যারা সদ্য স্কুল থেকে এসেছেন এবং এই প্রথম তারা বাড়ি থেকে দূরে থাকবেন। আমরা চাই যে এখানে সকলে নিজের বাড়ির মত অনুভূতি লাভ করুন এবং দ্রুত যিতু হয়ে যান, এবং এখানে সাহায্যের জন্য প্রচুর লোক পাওয়া যায়।

সহায়তার কি কি ব্যবস্থা আছে?

অক্রাফোর্ড তার সমস্ত শিক্ষার্থীর মঙ্গলকে অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করে। কঠিন সময়ে সহায়তা লাভের জন্য এখানে আপনার সন্তানের অসংখ্য উপায় রয়েছে। কলেজের টিউটোরো আপনার সন্তানের পড়াশোনাকে সমর্থন করেন, তবে তারা অন্যান্য বিষয়েও পরামর্শ দিতে পারেন। ওয়েলফেয়ার স্টাফসহ কলেজের প্রচুর কর্মীবৃন্দ রয়েছেন যারা শিক্ষার্থীদের যিতু হতে সাহায্য করেন এবং তাদের ব্যবহারিক বা স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে পরামর্শ দিতে আশেপাশে অবস্থান করেন।

কোন স্বাস্থ্য বিষয়ক সহায়তা পাওয়া যায়?

বেশিরভাগ শিক্ষার্থী কলেজের নার্সের পাশাপাশি স্থানীয় জিপি সার্জারির প্রাণেরও ব্যবস্থা রয়েছে। জন র্যাডক্লিফ হাসপাতালে একটি A&E বিভাগ রয়েছে এবং এটির দূরত্ব গাড়িতে মাত্র 15 মিনিট।

তারা প্রতিবন্ধী হল কী হবে?

আমাদের ডিসপ্রিলিটি অ্যাডভাইসরি সার্ভিস নিশ্চিত করে যাতে আমাদের সকল দৃশ্যমান বা অদৃশ্যমান প্রতিবন্ধকতা-যুক্ত শিক্ষার্থীগণ অক্রাফোর্ড তাদের অর্ধিকাংশ সময় ব্যয় করতে পারেন।

ox.ac.uk/das



আমার সন্তানকে পরামর্শ নিতে কোথায় যাতে হবে?

• বিশ্ববিদ্যালয়ের একটি ছি কাউন্সেলিং পরিষেবা রয়েছে যা প্রশিক্ষিত পরামর্শদাতাদের সাথে একক বৈঠক এবং গ্রুপ সেশনের পাশাপাশি ওয়ার্কশপ এবং স্বাবলম্বনের উপর সরবরাহ করে থাকে।

ox.ac.uk/students/shw

• স্বেচ্ছাসেবক পিয়ার সাপোর্টারো কাউন্সেলিং পরিষেবা দ্বারা প্রশিক্ষিত হন, তাই শিক্ষার্থীরা চাইলে অন্যান্য ছাত্রদের সাথে কথা বলতে পারেন। LGBTQ+ ও ক্ষৃষ্টাঙ্গ শিক্ষার্থীদের জন্য বেশ কিছু নির্দিষ্ট প্রোগ্রাম রয়েছে।

• অক্রাফোর্ডের ছাত্র ইউনিয়ন একটি সাধারণ পরামর্শ পরিষেবা পরিচালনা করে যেখানে শিক্ষার্থীরা তাদের উদ্বেগগুলির বিষয়ে আত্মবিশ্বাসের সাথে কথা বলতে পারেন, উদাহরণস্বরূপ, অর্থ পরিচালনা বা সম্পর্ক বাচাইয়ের বিষয়।

oxfordsu.org/wellbeing

• অক্রাফোর্ড নাইটলাইন শিক্ষার্থীদের জন্য এবং তাদের দ্বারা পরিচালিত একটি পরিষেবা, যেখানে অধ্যয়নকালীন সময়ে প্রতি রাত 8টা থেকে সকাল 8টার মধ্যে যে কোনও বিষয়ে যে কারুর সঙ্গে চ্যাট করার ব্যবস্থা আছে।

oxfordnightline.org



অক্রাফোর্ডের
বিভিন্ন ধরণের
বিশ্বাসী গোষ্ঠীর
উপসনালয় ও
সমিতি রয়েছে।

৪৪৭

মানসিক অসুস্থতা
থাকার কারণে আমার
বিশ্ববিদ্যালয়ে অ্যাকাডেমিক
বা অন্য যেকোনও সাফল্যের
সন্তান সম্পর্কে আমার মনে সর্বদা
একটি সন্দেহ কাজ করে। তবে আমার
সোভাগ্য যে আমার টিউটোর এবং সহপাঠী
শিক্ষার্থীরা আমাকে বিশেষ মর্যাদা ও
শুল্কের অনুভূতি প্রদান করেন, যা
আমাকে উন্নতির পথে এগিয়ে
নিয়ে যায়।
অ্যানা

এখানে কি বন্ধুদের এবং আনন্দ-ফুর্তির জন্য সময় পাওয়া যায়? অব্বেষণ এবং উপভোগ করার প্রচুর সুযোগ

বিশ্ববিদ্যালয়ে যাওয়া অন্যতম সেরা ব্যাপার হ'ল এখানকার সামাজিক জীবন। অক্রাফোর্ড এর চেয়ে আলাদা নয়। এখানে আলাপ করার মতো প্রচুর মানুষ আছেন, অনেক কিছু করার আছে, এবং নতুন আগ্রহ ও প্রতিভা আবিষ্কারের সম্ভাবনা আছে। অক্রাফোর্ড শিক্ষার্থীরা কর্তৃর পরিশ্রম করার পরেও তাদের হাসিঠাটি, আরাম ও উপভোগ করার জন্য পর্যাপ্ত সময় রয়েছে।

আমার স্তান কোন কোন ক্রিয়াকলাপে যুক্ত হতে পারে?

অক্রাফোর্ডের শিক্ষার্থীদের জন্য ফাঁকা সময় যুক্ত ইওয়ার জন্য অসংখ্য ক্রিয়াকলাপ রয়েছে। এগুলি কেবল প্রচুর মজা এবং নতুন বন্ধুদের দুর্দান্ত উপায়ই নয়, সেই সঙ্গে এগুলির মাধ্যমে ভাবিষ্যতের জন্য দরকারী দক্ষতা তৈরির সুযোগও আছে।

ক্লাব এবং সোসাইটিগুলি

সংগীত, খেলাধূলা, রাজনীতি বা নাটক থেকে শুরু করে ধর্মীয় বিশ্বাস, জাতীয় এবং সাংস্কৃতিক গোষ্ঠী, প্রত্যেকের জন্য এখানে কিছু না কিছু আছে।

ক্রীড়া

অক্রাফোর্ডের 80টি খেলাধূলার ক্লাব রয়েছে এবং এতে অংশ নেওয়ার বিভিন্ন উপায় রয়েছে। আপনি একজন শিক্ষানবিশ হতে পারেন, আবার একজন আন্তর্জাতিক আ্যাথলিট হয়ে ওঠার শিক্ষার্থীও হতে পারেন।

সংগীত এবং নাটক

অভিনন্ত্রী, পরিচালক এবং লেখকদের জন্য মঞ্চে এবং স্ক্রিনে কিছু বিশ্বয়কর সুযোগের পাশাপাশি এখানে রয়েছে অসংখ্য ব্যান্ড, কয়ার এবং অর্কেস্ট্রার এক বিপুল ভাণ্ডার।

সেখানে কি তাদের মতো মানুষ থাকবেন?

আমাদের কর্মী এবং শিক্ষার্থীরা সমস্ত প্রকারের পটভূমি থেকে আসেন। এখানে আপনার স্তানের সম্মত তাঁর মতো মানুষদের এবং তাঁর মত নয় এমন মানুষদের সঙ্গে দেখা হবে আমরা মনে করি এটি এখানে ছাত্রজীবন সবচেয়ে উপভোগযোগ্য এবং আকর্ষণীয় বিষয়গুলির মধ্যে অন্যতম। আপনার স্তান সহজে নতুন বন্ধু খোঁজা ও তাঁর মত মানুষদের খুঁজে পাওয়ার জন্য অক্রাফোর্ডে শত শত ছঁপ, ক্লাব, সোসাইটি বা প্রচারণার এক বা একাধিকে যোগ দিতে পারেন।

“”

প্রথম থেকেই কলেজ
সামাজিক জীবন
নিজেকে নিক্ষেপ করার
মাধ্যমে এবং বিশ্ববিদ্যালয়-
বাসী আফ্রিকান এবং ক্যারিবিয়ান
সোসাইটিতে যোগদানের মাধ্যমে
অক্রাফোর্ড আমাকে শিখিয়েছে যে
এখানে যে কেউ যে কোনও পটভূমি
থেকে এসে নিজের জায়গা
করে নিতে পারে।
অ্যান্ডি

অক্রাফোর্ড
বিভিন্ন ব্যাকগ্রাউন্ড,
জাতীয়তা এবং
ধর্মবিশ্বাসের জন্য ছঁপ,
ক্লাব এবং সমিতি
রয়েছে।

অক্রাফোর্ড বসবাসের জন্য কেমন?

অক্রাফোর্ড ইউকে-র শীর্ষ দশটি নিরাপদ ছাত্র শহরগুলির*
মধ্যে অন্যতম স্থান লাভ করেছে, ফলে আপনাকে চিঢ়া
করতে হবে না, আপনার স্তান এখানে নিজে থাথেছেই
উপভোগ করবে। শহরটিতে দুটি বিশ্ববিদ্যালয় রয়েছে;
অক্রাফোর্ড বিশ্ববিদ্যালয় এবং অক্রাফোর্ড ক্রকস
বিশ্ববিদ্যালয় এবং এটি ইউকে-র বৃহত্ম শিক্ষার্থী
জনসংখ্যার শহর। এটি থাকার জন্য একটি মজাদার এবং
প্রাণবন্ত জায়গা।

ox.ac.uk/livingin

*দ্য কমপ্লিট ইউনিভার্সিটি গাইড ইন বের্সলী

কে অক্সফোর্ডে পড়াশুনা করেন? সব রকমের ব্যাকগ্রাউন্ডের ভিন্ন আগ্রহে মানুষ

অক্সফোর্ডে প্রায় 12,000 আসারগ্রাজুয়েট শিক্ষার্থী রয়েছেন, যাদের ব্যাকগ্রাউন্ড এবং আগ্রহের বৈচিত্র্য অতুলনীয়। তারা সমস্ত ধরণের স্কুল এবং সারা বিশ্ব থেকে আসেন। তারা শেখার প্রতি ভালবাসা এবং অধ্যয়নের প্রতিটা ভাগ করে নেন।



অক্সফোর্ড
কোনও এক ধরণের
শিক্ষার্থী নেই। এটি
দারুণভাবে বৈচিত্র্যপূর্ণ এবং
আপনি এখানে নিজের
জায়গা খুঁজে পাবেন।
অদিতি

তাদের কি অক্সফোর্ডে স্থাগত জানানো হবে?

আমরা চাই যাতে এখানে প্রত্যেকে স্থাগত হন, মূল্যবান
এবং সম্মানিত বোধ করুন। আমরা জানি এই মূল্যে
কিছু মেধাবী শিক্ষার্থী মনে করেন যে অক্সফোর্ড তাদের
জন্য নয় এবং আমরা এটি পরিবর্তন করতে চাই। আমরা
তাদের বোকাতে চাই যে অক্সফোর্ড যে কোনও একাডেমিক
প্রতিভা এবং প্রতিশ্রুতিবান ব্যক্তির জন্য একটি বাস্তব
লক্ষ্য হতে পারে। এটি সত্ত্বেও গুরুত্বপূর্ণ যে সমস্ত প্রকারের
পটভূমি থেকে আসা ব্যক্তিরা আমাদের সাথে অধ্যয়ন
করেন - প্রতিটি অক্সফোর্ডেকে বিশ্বের সবচেয়ে আকর্ষণীয়
শিক্ষাক্ষেত্রগুলির মধ্যে অন্যতম হয়ে উঠতে সহায়তা করে।

আমার সত্তান কোন স্কুলে যায় তাতে কি কিছু যায় আসে?

আমরা সর্বদা অধ্যয়নের জন্য সর্বোচ্চ প্রতিভাধারী
শিক্ষার্থীদের সক্ষান করি, তাদের পটভূমি যাই হোক না কেন।
আমরা বুঝি যে কিছু শিক্ষার্থীর পরিস্থিতির কারণে সর্বোচ্চ
গ্রেড অজন করা বিশ কঠিন হয়। এজন্য আমরা প্রয়োগ
বিবেচনা করার সময় বিভিন্ন আলাদা আলাদা তথ্যের
প্রতি নজর দিই। আমরা নিশ্চিত করতে চাই যাতে আমরা
শিক্ষার্থীদের ব্যক্তিগত অভিজ্ঞতাগুলির প্রেক্ষাপটে তাদের
কৃতিত্বগুলিকে বুঝাতে পারি। আমরা এটি কীভাবে করি সে
সম্পর্কে আপনি: ox.ac.uk/context। এ আরও পড়তে
পাবেন

আমি খুঁশী যে
আমি উপযুক্ত হবো
কিনা এই সংশয়ের কারণে
আমি আবেদন করা থেকে
পিছিয়ে যাই নি, আর সে জনাই
আমার জীবনের সবচেয়ে ভাল
বছরগুলো এখানে কাটাতে
পেরেছি।
ক্রিস্টি



অক্সফোর্ড কীভাবে পরিবর্তন হচ্ছে?

এখনও বেশ কিছু গোষ্ঠীর সদস্য সংখ্যা তুলনায় কম আছে, তবে এই পরিস্থিতির দ্রুত পরিবর্তন হচ্ছে। বিশ্ববিদ্যালয় ইতিমধ্যে আগের তুলনায় অনেক বেশী সংখ্যাক কৃষ্ণাঙ্গ ও সংখ্যালঘু জনগোষ্ঠীর শিক্ষার্থীদের আকর্ষণ করছে (যা আমাদের 2019 এর আন্তরণ্যাজুয়েট প্রহনের 22% এরও বেশি)।

2023 সালের মধ্যে আমরা অক্সফোর্ড আন্তরণ্যাজুয়েটের ক্ষেত্রে 25% স্থান বরাদ্দ রাখবার লক্ষ্য রাখছি ইউকে-এর সেই সমস্ত ব্যাকগ্রাউন্ড থেকে আসা শিক্ষার্থীদের জন্য যাদের প্রতিনিধিত্ব বর্তমানে কম। সে কারণেই আমরা দুটি আকর্ষণীয় নতুন আক্রস্য প্রোগ্রাম স্থাপন করছি যাদের নাম অপরচুনিটি অক্সফোর্ড এবং ফাউন্ডেশন অক্সফোর্ড। ইউকে স্টেট স্কুল শিক্ষার্থীরা আমাদের এই ইউনিক প্রোগ্রামে অংশ নেওয়ার মাধ্যমে ইতিমধ্যে কারও পক্ষে এখানে পড়াশোনার সুযোগ পাওয়ার সন্তান বাঢ়বে। টার্গেট অক্সবিজের সাথে আমাদের যৌথ উদ্যোগের লক্ষ্য হল কৃষ্ণাঙ্গ আফ্রিকান এবং ক্যারিবিয়ান শিক্ষার্থী এবং কৃষ্ণাঙ্গ মিশ্র বর্ণের আফ্রিকার ও ক্যারিবিয়ান দেশিভেজের ছাত্রদের সহায়তা করা যা অক্সফোর্ডকে আরও শক্তিশালী প্রয়োগে সহায়তা করবে।

এই প্রোগ্রামগুলির পাশাপাশি, আমরা প্রতি বছর সারা দেশে স্টেট স্কুল এবং বিভিন্ন সম্প্রদায়ের সাথে হাজার হাজার পঁচার কার্যক্রম পরিচালনা করি। আমরা নিশ্চিত করতে চাই যাতে যে কোনও স্থানের যে কেউ অক্সফোর্ডের শিক্ষার্থীদের জীবন কেমন তা জানতে পারে এবং কীভাবে এখানে আবেদন করতে হয় তা জানতে পারে। এই সমস্ত ইতিমধ্যে একটি বড় পার্থক্য তৈরি করছে এবং আমাদের ছাত্ররা আরও বিভিন্ন ব্যাকগ্রাউন্ড থেকে আসছেন।

“

আফ্রিকান
ক্যারিবিয়ান
সোসাইটি আমাকে বিভিন্ন
ব্যাকগ্রাউন্ড থেকে আসা বহু
অনুধরণাকারী শিক্ষার্থীদের
সাথে দেখা করার সুযোগ করে
দিয়েছে যা আমার কাছে
আশীর্বাদস্বরূপ।
ফিনিক্স

অক্সফোর্ড
আন্তরণ্যাজুয়েট
শিক্ষার্থীদের 20% তাদের
একটি অঙ্গমতার কথা
ঘোষণা করেছেন।



অক্সফোর্ড
আন্তরণ্যাজুয়েট
ছাত্রদের 19% কৃষ্ণাঙ্গ
অথবা সংখ্যালঘু জাতিগত
হিসাবে নিজেদের
চিহ্নিত করেন।

তারা কীভাবে আবেদন করবেন?

আমরা কী খুঁজছি তা বোঝা



অক্সফোর্ডে জায়গা পাওয়া একটি বিশাল কৃতিত্ব। সাম্প্রতিককালে, প্রায় 23,000-এরও বেশি ব্যক্তি প্রায় 3,250টি শূন্যপদের জন্য আবেদন করেছেন। এজন্য অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় অক্সফোর্ডে আবেদনের প্রক্রিয়াটি অপেক্ষাকৃত জটিল। আমরা এমন শিক্ষার্থীদের সন্ধান করতে চাই যারা অক্সফোর্ডের প্রদান করা সুবিধাগুলিকে সর্বাধিক রূপে কাজে লাগাতে সক্ষম হবেন, যারা খুশি থাকবেন এবং এখানে উন্নতি লাভ করবেন।

অক্সফোর্ড আবেদন করাটা কীভাবে আলাদা?

ইউকে-এর যে কোনও বিশ্ববিদ্যালয়ে আবেদন করার জন্য পরিকল্পনা প্রণয় করতে হয়, কিন্তু অক্সফোর্ডে আবেদনের আরও কয়েকটি পদক্ষেপ রয়েছে:

- অক্সফোর্ড অ্যাপ্লিকেশনের সময় অক্টোবর, অন্যান্য অনেকের মতো জানুয়ারী নয়।
- আপনার স্তানকে UCAS এর মাধ্যমে আবেদন করতে হবে, ঠিক যেমন ইউকে-এর অন্যান্য বিশ্ববিদ্যালয়ের জন্য করতে হয়।
- অক্সফোর্ড অ্যাপ্লিকেশনের ফ্রেন্ডে প্রায়শই ভর্তির পরীক্ষা দিতে হয়। শিক্ষার্থীদের পরীক্ষা দিতে হবে কিনা তা ox.ac.uk/tests এ পরাখ্য করে দেখতে হবে, সময়সীমার মধ্যে প্রতির জন্য রেজিস্ট্রেশন করতে হবে এবং অনলাইনে নমুনা পরীক্ষাপত্র ব্যবহার করে অনুশীলন করতে হবে।
- আমাদের কয়েকটি কোর্সের ফ্রেন্ডে শিক্ষার্থীদের লিখিত কাজ জমা দেওয়ার প্রয়োজন হয়। আপনার স্তানকেও এগুলি করতে হবে কিনা তা তারা আমাদের ওয়েবসাইট থেকে জানতে পারেন।
- তালিকাভুক্ত বাছাই করা প্রার্থীদের একটি সাক্ষাৎকারে অংশ নিতে ডিসেম্বর মাসে অক্সফোর্ডে আসতে বলা হবে। এটি একজন সম্প্রতি টিউটোরের সাথে একাডেমিক কথোপকথন।

এই সমস্ত পদক্ষেপ আমাদের সর্বাধিক প্রতিভাবান আবেদনকারীদের খুঁজে পেতে সহায়তা করে যে সকল শিক্ষার্থীরা এখানে পড়াশোনার পদ্ধতিটি উপভোগ করবে।

আমি কীভাবে আমার স্তানকে সর্বোত্তম অ্যাপ্লিকেশন তৈরি করতে সাহায্য করতে পারি?

- শীর্ষ স্কুল প্রেডগুলি শুরুত্বপূর্ণ, তাই আপনার স্তানকে স্কুলে সেই বিষয়গুলি পড়তে উৎসাহিত করুন যা তারা উপভোগ করে এবং যা নিয়ে পড়লে সম্ভবত তারা ভাল করতে পারে।
- আপনার স্তানের এমন একটি বিষয় নির্বাচন করা উচিত যা তারা তিন বা ততেও বেশি অধ্যয়ন উপভোগ করবেন। তাদের সাবধানে চিন্তা করতে, এবং যে বিষয় নিয়ে তারা আগে কখনও পড়াশোনা করেননি সেই বিষয়গুলি বিবেচনা করতে উৎসাহিত করুন।
- তাদেরকে গ্রীষ্মকালে তাদের UCAS অ্যাপ্লিকেশন শুরু করার পরামর্শ দিন - ব্যক্তিগত বিবৃতি তারা যা ভাবছেন তার চেয়ে অনেক বেশি সময় নিতে পারে।
- যদি তাদের কোর্স একটি ভর্তি পরীক্ষার অঙ্গুলুক থাকে, তাহলে নিশ্চিত করুন যে তারা যেন 15ই অক্টোবর সময়সীমার মধ্যে তার জন্য রেজিস্ট্রেশন করে তারা আরও ভাল ফল করে থাকেন, তাই আপনার স্তানকে আমাদের পরামর্শ পড়তে উৎসাহিত করুন এবং আমাদের ওয়েবসাইটে টেক্স পেপারগুলি দেখতে বলুন।

আবেদনের
শেষ দিন:
15 অক্টোবর 6pm

আপনার স্তানের
যা যা জানা দরকার তা
আমাদের ওয়েবসাইটের গাইড
ফর অপিলিকেন্টস মেকশনে
পাওয়া যাবে। যদি তাদের এখনও
কোনও জিজ্ঞাসা থাকে তবে তারা
আমাদের সাথে
ox.ac.uk/ask এ
যোগাযোগ করতে পারে।



কীভাবে আমরা আরও জানতে পারি?

আপনাকে সহায়তা করার জন্য ইভেন্ট এবং অনলাইন তথ্য

আমরা বুঝি যে আপনার সন্তানের পক্ষে কোন বিশ্ববিদ্যালয়ে
আবেদন করা উচিত এবং তারা কোথায় সবচেয়ে সুখী হবে
তা নির্ধারণ করা কঠিন হতে পারে। অক্সফোর্ড আবেদনের
বিষয়ে তাদের আরও আল্যাবিশ্বাসী বোধ করতে সহায়তা
করার জন্য, আমরা প্রতিবছর অক্সফোর্ড এবং ইউকে জুড়ে
হাজার হাজার বিনামূল্য ইভেন্ট পরিচালনা করি। আমাদের
ওয়েবসাইট ox.ac.uk/study এ পরিবারের জন্য উপলব্ধ
ইভেন্ট এবং বিসোর্স সম্পর্কে আপনি সমস্ত কিছু জানতে
পারেন।

এমন কি কোন অনুষ্ঠান আছে যেখানে আমরা অংশ নিতে
পারি?

- অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় বছরে তিন দিন সকলের জন্য
উন্মুক্ত থাকে। এই দিনগুলি ছাত্রজীবন সম্পর্কে আরও
জানার জন্য, কলেজ এবং বিভাগগুলি ঘূরে দেখার জন্য,
এবং বর্তমান শিক্ষার্থী এবং চিউটেরদের সাথে দেখা
করার একটি দুর্দান্ত সুযোগ।
ox.ac.uk/opendays

- আমাদের বেশ কয়েকটি সাবজেক্টে বিভাগেরও তাদের
নিজস্ব উন্মুক্ত দিন আছে।
ox.ac.uk/access

- যদি তারা অক্সফোর্ড আসতে না পারেন, সঙ্গেতে
আপনার সন্তান অক্সফোর্ড ও ক্যাম্ব্ৰিজ স্কুলেন্ডে
কনফারেন্সে অংশ নিতে পারেন। এই স্ট্রাইভেলিং
ওপেন ডে-গুলি সারা দেশ জুড়ে সংঘটিত হয়।
oxfordandcambridgeoutreach.co.uk

অক্সফোর্ড থাকতে পারে এমন প্রোগ্রামগুলি কেমন?

- ইউকে স্টেট স্কুলের 12 বছরের শিক্ষার্থীদের জন্য
আমাদের ক্ষি প্রোগ্রাম UNIQ-এর সম্পর্কে আরও জানুন।
uniq.ox.ac.uk

- টার্গেট অক্সব্ৰিজ সম্পর্কে আরও জানুন যদি
তারা কৃষ্ণজ বা মিশ্র জাতি এবং আফ্ৰিকান ও
ক্যারিবিয়ান প্রতিহোৱ হন।
targetoxbridge.co.uk

এমন কোনও অনলাইন স্থান কি রয়েছে যা আমরা ব্যবহার করতে পারি?

- @StudyAtOxford ইনস্টাগ্ৰামে অনুসরণ কৰুন
• আপনার সন্তানের স্কুল থাকে ইউনিভার্সিটিতে যাওয়ার
বিষয়ে সহায়তা সম্পর্কে
ox.ac.uk/forfamilies. এ আরও পৰামৰ্শ পড়ুন।



আমার ক্ষত্রে কি কিছু নিরিদঘিট করা আছে?

- ইউকে-এর প্রতিটি স্কুল এবং কলেজে সঙ্গা
বশিখবদ্যালয়ে একটি নিরিদঘিট যাতাযাতোৱ রয়েছে।
অক্সফোর্ড কলেজগুলিৰ দলগুলি দিশেৰে বভিন্ন
অঞ্চলৰে সাথে সংযোগ স্থাপনৰে জন্য একত্ৰ কাজ
কৰে, এবং স্থানীয় পৰয়াজনৰে সাথে উপযুক্ত এমন
সহায়তা স্বৰূপ কৰা। এৰ অৱৰ হ'ল, তাৰা যেখানাই থাকুক
না কনে, আপনার সন্তান বশিখবদ্যালয়ে আবেদনৰে
বিষয়ে সহায়তা এবং তথ্য সংগ্ৰহ কৰতে পাৰন।
ox.ac.uk/linkcolls

আমৰা তাদেৱ কিভাবে আগ্ৰহী কৰে রাখতে পাৰি

তাদেৱ কৌতুহল পূৱণ কৰা

আমৰা জানি যে শিশুৱা ত বিশ্ব সম্পর্কে কৌতুহল নিয়ে জনগ্ৰহণ কৰে এবং তাৰা এইভাবেই শেখে। আমাদেৱ কৌতুহল একটি বিশাল প্ৰাকৃতিক পতিভা। আমৰা নিশ্চিত যে আপনি এমন শিশুদেৱ চেনেন যাদেৱ মনে প্ৰশ্ৰে শেষ নেই। আমৰা আৱও জানি যে শিক্ষকৱা খুব ব্যস্ত থাকেন, বিভিন্ন শিশুদেৱ তাদেৱ বিবিধ প্ৰয়োজনে সাহায্য কৰাৰ চষ্টা কৰেন, এবং মাঝে মধ্যে মেধাবী শিক্ষার্থীৱা স্কুলে বিৱৰণ হয়ে যাবে পাৰে। সুতৰাং, আপনি কীভাবে আপনাৱ পৱিবাৱেৰ ক্ষুধাৰ্ত মন্তিষ্ঠকে খাওয়াতে সহায়তা কৰতে পাৰেন?

প্ৰথমত, আপনাৱ কাছে সমস্ত উত্তৰ না থাকতেই হবে! শিশুদেৱ যে বিষয়ে আগ্ৰহ তা নিয়ে কথা বললে সত্যই উপকাৰ হতে পাৰে, আৱ এতে তাদেৱও মনে হতে পাৰে যে তাৰা বিশেষজ্ঞ যা তাদেৱ জনা ভালো। এৰ ফলে তাদেৱ আৱও বেশী প্ৰশ্ৰ আসতে পাৰে, কিন্তু এৰ অৰ্থ হল তাৰা চিন্তাভাৱনা কৰবো। তাৰা আৱও তথ্য কোথায় পেতে পাৰে আপনি সেই পৰামৰ্শ দিতে পাৰেন – আৱ তা কেবলমাৰ্ত বই থকেই নয়। তাৰা যদি কেবল একটি মাত্ৰ বিষয়ে আগ্ৰহী বলে মনে হয় তবে চিন্তিত হবেন না – বহু বিষয়ে অল্প অল্প জানাৱ চেয়ে একটি বিষয়ে অনেক কিছু জানাটো এক প্ৰকাৰ শিক্ষালাভেৰ পদ্ধতি। যেটা গুৰুত্বপূৰ্ণ তা হল তাৰা শিখতে ভালবাসছে কিনা।

ক্ষুধাৰ্ত মন্তিষ্ঠকেৰ জন্য প্ৰখনে কয়েকটি ধাৰণা দেওয়া হয়েছে:

অনুৰ্ধ্ব 16

- 11-18 বছৰেৱ শিশুদেৱ জন্য আমাদেৱ বিনামূলে শিঅক্রান্তীয় ওয়েবসাইটটি ঘূৰে দেখুন যেখানে এমন সব বড় বড় প্ৰশ্ৰেৰ সন্ধান রয়েছে যা আমৰা জানি যে তাদেৱ ভালো লাগব।
oxplore.org
- একসাথে অন্বেষণ কৰুন: টিভিতে, বইতে, ম্যাগাজিনে এবং অনলাইন।
- তাদেৱ প্ৰিয় বিষয়গুলিৰ উপৰ ইউটিউব ভিডিওগুলিৰ সন্ধান কৰুন।
- অক্রান্তোৱেৰ সাম্পত্তিক আবিষ্কাৱেৰ কয়েকটি ভিডিও **ox.ac.uk/reading** তে দেখুন।
- যে কোনও স্থানীয় মিডিয়ামেৰ ইভেন্টগুলিতে যান: এগুলিৰ প্ৰায়শই কোনও প্ৰবেশমূল্য থাকেনা।
- আপনাৱ অঞ্চলে ছুটিৰ প্ৰায়ামণ্ডলি সম্পর্কে সন্ধান কৰুন; অনেকগুলিৰ বিনামূল্যে স্থানীয় কাউণ্টিৱ দ্বাৰা অৰ্থাৎিত হয়।
- তাদেৱ সাথে নতুন অভিজ্ঞতা সম্পৰ্কে কথা বলুন।

16 এৰ উৎৰে

- MOOC (ম্যাসিভ ওপেন অ্যান্ড অনলাইন কোৰ্সেস), অন্যান্য অনলাইন কোৰ্স এবং বকৃতাশুলি সন্ধান কৰুন।
www.mooc.org
www.edx.org
- অনলাইন পত্ৰিকা দেখাৰ জন্য তাদেৱ উৎসাহিত কৰুন।
- তাদেৱ আগ্ৰহৰ বিষয়গুলিৰ উপৰ কিছু টিপ টক দেখতে পাৰেন।
www.ted.com/talks
- হফিংপোস্ট কাগজটি দেখুন, যে অনলাইন নিউজপেপাৰটিতে পচুৰ তক্ষণ লেখকৱা রয়েছেন।
www.huffingtonpost.co.uk



আন্তর্জাতিক আডমিশন ও আউটরিচ ডিপার্টমেন্ট এবং দি
ইউনিভার্সিটি অফ অক্সফোর্ড মারলিক আক্যাডেমিক ডিরেক্টরেট,
ইউনিভার্সিটি অফসেস, ওয়েলিংটন ক্লোয়ার, অক্সফোর্ড, OX1 2JD
দ্বারা উৎপাদিত

ফটোগ্রাফ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের চিত্রসমূহ।
সংশ্লিষ্ট ফটোগ্রাফারগণ: জন কেয়ার্স, রব জার্জেস এবং ইয়ান
ওয়ালম্যান।

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় 2020

সর্বস্বত্ত্ব সংরক্ষিত। এই প্রকাশনার কোনও অংশই পুরো অনুমতি ছাড়া
পুনরুৎপাদন, পুনরুদ্ধার পদ্ধতিতে সংরক্ষণ করা বা কোনও ফর্ম
বা কোনও উপায়ে, বৈদ্যুতিন, যান্ত্রিক, ফটোকপি, রেকর্ডিং বা অন্য
কোনওভাবে প্রাপ্তিষ্ঠিত করা যাবে না।